



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৯ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনবৌদ্ধ পেশাজীবী পরিষদের শুভ বুদ্ধ পূর্ণিমা- ২০১৮ উদযাপন উপলক্ষে শান্তি শোভাযাত্রা উদ্বোধন করলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

বৌদ্ধ ধর্মাবলম্বী সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব শুভ বুদ্ধ পূর্ণিমা। মহামতি গৌতম বুদ্ধের জন্ম, বোধি লাভ ও নির্বাণ লাভের স্মৃতি বিজড়িত দিনটি বৌদ্ধদের জন্য অত্যন্ত শুভদিন। এ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনবৌদ্ধ পেশাজীবী পরিষদ ২৯ এপ্রিল ২০১৮খ্রি. শুভ বুদ্ধ পূর্ণিমা-২০১৮ উদযাপন উপলক্ষে চসিক প্রধান কার্যালয়ের বঙ্গবন্ধু চত্বরে চত্বরে বৌদ্ধ ধর্মাবলম্বী সমাবেশ ও শান্তি শোভাযাত্রা আয়োজন করে। শোভাযাত্রা বেলুন ও ফেষ্টুন উড়িয়ে উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। শান্তি শোভা যাত্রায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা কর্মচারী,শিক্ষক-শিক্ষিকা সহ তাদের পরিবারের সন্তানেরা অংশগ্রহণ করেন।শোভাযাত্রাটি নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় নগরভবনের বঙ্গবন্ধু চত্বরে সমাপ্ত করা হয়। শান্তি শোভাযাত্রা উদ্বোধন অনুষ্ঠানে অন্যদের মধ্যে পেশাজীবী পরিষদের সভাপতি ডা. প্রীতি বড়ুয়া,পরিষদের সাধারণ সম্পাদক জয়সেন বড়ুয়া, বৌদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদের সভাপতি সমিরন কান্তি বড়ুয়া, সাধারণ সম্পাদক প্রভাষক সুজন বড়ুয়া, প্রধান শিক্ষিকা রোমা বড়ুয়া,শিক্ষিকা অনিমা বড়ুয়া,শিক্ষিকা সুপ্রিয়া বড়ুয়া,শিক্ষিকা রুমিলা বড়ুয়া,শিক্ষিকা নন্দা বড়ুয়া,শিক্ষিকা রমা বড়ুয়া, শিক্ষক সমীরণ বড়ুয়া,শিক্ষক সুমেধ তাপস বড়ুয়া,রিপন বড়ুয়া,অনুপম বড়ুয়া অপু, জিতু বড়ুয়া, সুপ্রিয়া বড়ুয়া,বিভাষ বড়ুয়া,সাগর বড়ুয়া,দেবজিৎ বড়ুয়া বাপ্পা,বিথিকা বড়ুয়া,তপু বড়ুয়া,স্বপন চৌধুরী,দোলন বড়ুয়া সহ অন্যরা উপস্থিত ছিলেন। চসিক বৌদ্ধ পেশাজীবী পরিষদের শান্তি শোভাযাত্রা উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বিশ্ব শান্তির অনুসারী বৌদ্ধ সম্প্রদায়ের নিকট বুদ্ধ পূর্ণিমা সম্প্রীতি ও ভালবাসার স্মারক। বুদ্ধের সাম্য ও মৈত্রীর বাণী বিশ্বব্যাপী সমাদৃত। তারমধ্যে হিংসা ও ভেদাভেদ ছিল না। অহিংসা ও সকল মানুষের প্রতি দয়ার আদর্শ মানব কল্যাণের মূল কথা। তিনি বলেন, কোন ধর্মই অকল্যান কামনা করে না। মানবতার কল্যাণে সকল ধর্ম নিবেদিত। মানব জীবনের যাবতীয় সৎ ও মহৎ কর্মই পরকালে পরিত্রানের উপায়। দাস্তিকতা ও শক্তি প্রয়োগ করে মানুষের কল্যান সাধন করা যায় না। মহামতি গৌতম বুদ্ধ মানব কল্যাণে জীবন উৎসর্গ করে গেছেন। বর্তমান বিশ্বের সংঘাত, জঙ্গীবাদ মানবতার পরিপন্থি ও জীবন নাশকারী মতবাদ। এ মতবাদ থেকে সকল ধর্মের মানুষের পরিত্রানের জন্য প্রত্যেককে মানবতার পুজারী হতে হবে। মেয়র বুদ্ধের বাণীকে ধারণ করে মানবতার

কল্যাণে ংগিয়ে আসার জন্য বৌদ্ধ সম্প্রদায় সহ সকল ধর্মের লোকদের ংগিয়ে
আসার আহবান জানান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন